

# যুগান্তর

তারিখ 15.5.MAY.2014...  
পৃষ্ঠা ... ১/১ ... কলাম ... ১/১

**অতিরিক্ত সেমিস্টার ফি বাতিলের দাবি  
বাকুবিতে ক্লাস বর্জন করে  
শিক্ষার্থীদের বিক্ষোভ**

**বাকুবি প্রতিনিধি:**

অতিরিক্ত সেমিস্টার ফি বাতিলের দাবিতে ক্লাস বর্জন করে বৃহস্পতি ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও অবস্থান ধর্মঘট পালন করেছে বাকুবি ২য় বর্ষের শিক্ষার্থীরা। সকাল ১০টার দিকে পূর্ব ঘোষণা অনুযায়ী ২য় বর্ষের সব অনুষদের শিক্ষার্থীরা ক্লাস বর্জন করে প্রশাসনিক ভবনের সামনে জমায়েত হতে থাকে। পরে তারা একটি বিক্ষোভ মিছিল বের করে। বিক্ষোভ মিছিলটি বিশ্ববিদ্যালয়ের টিএসসি থেকে শুরু হয়ে ছাত্রবিষয়ক উপদেষ্টা ও প্রক্টর কার্যালয়ের সামনে এসে শেষ হয়। পরে তারা সেখানে প্রায় ২ ঘণ্টা অবস্থান ধর্মঘট পালন করে হলে ফিরে যায়। এরপর দুপুর আড়াইটার দিকে আবার বিক্ষোভ মিছিল বের করে দাবি না মানলে কঠোর অন্দোদনের হুঁশিয়ারি দেয় শিক্ষার্থীরা। এ বিষয়ে ছাত্রবিষয়ক উপদেষ্টা অধ্যাপক ড. মোঃ জহিরুল হক বন্দকর বলেন, ২১ মে একাত্তরিক কমিউনিস্টের বৈঠকে এ বিষয়ে সিদ্ধান্ত নেয়া হবে। এদিকে চাকরি বয়সসীমা বৃদ্ধি, বেতন হ্রাস বৃদ্ধি, আবাসন সমস্যা সমাধান, অর্থনৈতিক বদলি না হওয়া, ছাত্রবিষয়ক উপদেষ্টা অফিসে বিশেষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, পাইত্রেনিট্যানসহ সব প্রশাসনিক পদে ও দু-অফিসারদের নিয়োগসহ ৩৪ দফা দাবিতে বৃহস্পতি পূর্বঘোষিত ৩ ঘণ্টা কর্মবিরতি কর্মসূচি পালন করেছে বিশ্ববিদ্যালয় অফিসার পরিষদ।